BKASH · OTP · এক পাতার নিয়ম

OTP এর SMS এ এই দুইটা শব্দ দেখলে থামুন

নয় টাকার payment এর নামে bKash এ auto debit এর permission নিয়ে নেওয়া হচ্ছে। একবার দিলে পরের টাকা কাটতে আর OTP বা PIN লাগে না।

01 যা ঘটেছে

৭ অক্টোবর ২০২৬, বিকাল ৫:১৭ তে Indian visa র এক applicant এর ফোনে SMS আসে, slot এর date দেওয়া হয়েছে, verify করুন। Link টা খোলে IVAC এর মতো দেখতে একটা site, যার address **`ivcabd.com`**, আসলটা **`ivacbd.com`**। সেখান থেকে ৳9 এর payment page, তারপর OTP আর PIN।

সময়	Balance
OTP দেওয়ার আগে	**`৳10,639.57`**
বিকাল ৫:৩৪, এক মিনিটে ১০টা payment	**`৳84.57`**

দ্বিতীয় একজনের গেছে প্রায় ৳12,000। দুইটা ঘটনাই Dismislab এর অনুসন্ধানে পাওয়া।

02 OTP এর SMS এ যা লেখা ছিল

> Do NOT share your OTP or PIN with anyone. Your bKash OTP to enable **AUTO DEBIT** in App or Website of MyCirkle is ••••••. Expires in 5 min.
>
> Dismislab এর রিপোর্টে উদ্ধৃত। OTP এর সংখ্যাটা এখানে লুকানো।

প্রথম লাইনেই লেখা, OTP কাউকে দেবেন না। উনি কাউকে দেননি, ভেবেছিলেন নিজেই নয় টাকা payment করছেন। তাই "OTP share করবেন না" নিয়মটা এই ফাঁদে কাজ করে না।

03 নিয়ম

OTP এর SMS এ শুধু টাকার অংক না, পুরো লাইনটা পড়ুন। আপনি একবারের payment করছেন, অথচ নিচের যেকোনো একটা লেখা থাকলে OTP দেবেন না:

AUTO DEBIT	**Account Binding**

Auto debit নিজে খারাপ কিছু না। Uber, Foodpanda র মতো merchant এটা দিয়েই প্রতিবার OTP ছাড়া টাকা কাটে। সমস্যা হল অচেনা site কে এই permission দেওয়া।

04 OTP দিয়ে ফেললে, সাথে সাথে

16247

1. bKash এ call করে বলুন আপনার account এর **Account Binding cancel** করতে।

2. **PIN বদলান।**
3. cancel হলে bKash SMS পাঠায়, এরকম: "Your Account Binding with ... has been cancelled. For queries, please call 16247."

bKash app এ কোন merchant এর সাথে account bind করা আছে, সেটা দেখার কোনো option পাইনি (৩ নভেম্বর ২০২৬, নিজের ফোনে দেখা)। তাই সন্দেহ হলে call ই রাস্তা।

05 Indian visa র জন্য

1. IVAC slot নিশ্চিত বা verify করতে আলাদা কোনো টাকা নেয় না।
2. SMS এর link এ না গিয়ে address নিজে type করুন: **`ivacbd.com`**
3. ছোট link (cut.bd ইত্যাদি) দিয়ে আসা "slot চলে যাবে" জাতীয় SMS দেখলে থামুন।

06 সূত্র

- Dismislab, "Pay Tk9 to confirm Indian visa appointment: How fraudsters steal from applicants' bKash", ১৩ অক্টোবর ২০২৬: en.dismislab.com/ivac-fake-website-phising/
- Dismislab (বাংলা): dismislab.com/media-literacy/ivac-fake-website-phising/
- The Business Standard, "Fake Indian visa appointment website used to steal money from Bangladeshi applicants: Dismislab", ১৪ অক্টোবর ২০২৬: tbsnews.net/bangladesh/fake-indian-visa-appointment-website-used-steal-money-bangladeshi-applicants